



# আজকের পত্রিকা

২৫-০১-২০২৬ পৃ-০৫

## ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে নবীন শিক্ষার্থীদের বরণ

ক্যাম্পাস ডেস্ক

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি (ইউইউইউ) ২০২৬ সালের বসন্তকালীন সেমিস্টারের নবীন শিক্ষার্থীদের বরণ করে নিতে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়। ২২ জানুয়ারি রাজধানীর অসহকারকভাবে বিশ্ববিদ্যালয়ের 'মজুর এলাহী' অডিটোরিয়ামে এই অনুষ্ঠান হয়। বিশ্ববিদ্যালয়ের আচরণবিধি, নিয়মকানুন এবং একাডেমিক ও সর্ভশিক্ষা কার্যক্রম-সংশ্লিষ্ট বিভিন্ন সুযোগ-সুবিধা সম্পর্কে নবীন শিক্ষার্থীদের সম্যক ধারণা দেওয়ার লক্ষ্যে এই আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফারুকউদ্দিন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান। এ ছাড়া বিভিন্ন অনুষ্ঠানের ডিনারা নবীন



শিক্ষার্থীদের উদ্দেশে নিকনির্দেশনামূলক বক্তব্য দেন।

বক্তারা তাঁদের বক্তব্যে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির লক্ষ্য এবং মূল্যবোধ তুলে ধরে বলেন, দক্ষ, নৈতিক ও দায়িত্বশীল নেতৃত্ব গড়ে তুলতে শিক্ষার্থীদের গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে হবে। তাঁরা নবীন শিক্ষার্থীদের পড়াশোনার পাশাপাশি নিজেদের দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলার আহ্বান জানান। এ ছাড়া দেশের উন্নয়নে ইতিবাচক অবদান রাখার জন্য প্রস্তুত হওয়ার পরামর্শ দেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-

উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আশিক মোসাদ্দিক এবং জ্যেষ্ঠাধ্যক্ষ এয়ার কমান্ডার (অব.) ইশরাত ইলাহী চৌধুরী।

অনুষ্ঠানকে আরও প্রাণবন্ত করে তুলতে টুডেই গ্রেজলসেম্যার বিভাগ আয়োজন করে আকর্ষণীয় 'ক্রাফে ফেস্টার'-এর। এতে বিশ্ববিদ্যালয়ের ২৫টি শিক্ষার্থী-পরিচালিত গ্রুপে অংশ নেয়। প্রতিটি গ্রুপে তাদের কার্যক্রম এবং বিভিন্ন উদ্যোগ তুলে ধরে নিজ নিজ ষ্টল সাজায়, যাতে নবীন শিক্ষার্থীরা সর্ভশিক্ষা কার্যক্রমে যুক্ত হতে উৎসাহিত হয় এবং একাডেমিক শিক্ষার পাশাপাশি সৃজনশীল কর্মকাণ্ডে সম্পৃক্ত হওয়ার সুযোগ পায়।